সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ (সিউক)
২৯/এ (ফরচুন গার্ডেন), বঙ্গবীর রোড, নাইওরপুল, সিলেট।
ই-মেইল: sylhetda2025@gmail.com, Web: www.sda.gov.bd

বিষয়: সিলেট উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন এলাকায় ভূমি জরিপ, মাটি পরীক্ষা এবং ইমারতের নকশা প্রণয়ন ও সুপারভিশনের নিমিত্ত উপযুক্ত প্রকৌশলী/স্থপতি/যোগ্যতাসম্পন্ন ব্যক্তিকে তালিকাভুক্তি।

সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ (সিউক) এর আওতাধীন এলাকায় সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০২৩ এবং ইমারত নির্মাণ আইন, ১৯৫২ অনুযায়ী সিউক উল্লিখিত এলাকার ইমারতের নকশা অনুমোদন এবং অবৈধ ইমারত নির্মাণ এর বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য ক্ষমতাপ্রাপ্ত। বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (বিএনবিসি) ২০২০ অনুযায়ী ভূমি জরিপ, মাটি পরীক্ষার এবং ইমারতের নকশা প্রণয়ন ও সুপারভিশনের নিমিত্ত উপযুক্ত কারিগরি ব্যক্তি (তালিকাভুক্তির শর্তাবলি পালনের শর্তে) তালিকাভুক্ত হতে পারবেন। তালিকাভুক্ত ব্যক্তি ইমারত নির্মাণ আইন ১৯৫২, ইমারত নির্মাণ বিধিমালা ১৯৯৬, বিএনবিসি ২০২০ মেনে নকশা প্রণয়ন করবেন এবং অনুমোদিত নকশা অনুসরণে নির্মাণ তদারকি (সুপারভিশন) করবেন এবং নির্মাণ সম্পন্নের প্রতিবেদন দিবেন।

১. নির্ধারিত ফরমে তালিকাভুক্তির জন্য নির্বাহী পরিচালক, সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ এর দপ্তরে আবেদন জমা দিতে হবে।

২. আবেদনের সঙ্গে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র, পূর্ব তালিকাভুক্তির নং (প্রযোজ্য ক্ষেত্রে), প্রফেশনাল সদস্যের সনদ, আয়কর পরিচিতি সনদ, সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতার প্রমানক, চাকুরীরত ব্যক্তির ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনপত্র, জীবন বৃত্তান্ত ইত্যাদি (ফরমের বর্ণনা অনুযায়ী) সংযোজন করতে হবে।

৩. তালিকাভুক্তির জন্য ব্যক্তি পর্যায়ে নির্ধারিত ফি (দশ হাজার টাকা+১৫% ভ্যাট) সিলেট উন্নয়ন কর্তৃপক্ষের হিসাব নং-৫৬১০১০২০০১৫৮০, রাউটিং নম্বর- ২০০৯১১০৬৫, সোনালী ব্যাংক পিএলসি, দরগাহ গেট কর্পোরেট শাখা, ঠিকানা: আম্বরখানা, সিলেট সদর, সিলেট এ ব্যাংক জমা অথবা চেয়ারম্যান, সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ বরাবরে পে-অর্ডার জমা দিতে হবে এবং জমার রশিদের কপি সংযুক্ত করতে হবে। নির্ধারিত নন-জুডিশিয়াল স্ট্যাম্প-এ তালিকাভুক্তির শর্ত পালনের মুচলেকা প্রদান করতে হবে। তালিকাভুক্তি নিশ্চিত হলে তালিকাভুক্তি নং প্রদান করা হবে।

৪. উপযুক্ততা বিবেচনায় যোগ্যতা সম্পন্ন ব্যক্তিকে তালিকাভুক্ত করা হবে। তালিকাভুক্ত উপযুক্ত ব্যক্তির নাম দাপ্তরিক নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

৫. তালিকাভুক্ত স্থপতি/প্রকৌশলী/যোগ্যতাসম্পন্ন ব্যক্তি ব্যতীত অন্য কারো প্রণীত নকশা অনুমোদনের জন্য বিবেচিত হবে না।

৬. যে কোন প্রকারের ভুল তথ্য প্রদান করলে/তালিকাভুক্তির শর্ত না মানলে কর্তৃপক্ষ তালিকাভুক্ত না করতে বা বাতিল করতে বা নিয়ম মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারে।

আবেদনকারীর স্বাক্ষর

মোঃ সাদিউর রহিম জাদিদ
নির্বাহী পরিচালক
সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ
সিলেট